৩৪

দৈনিক সংবাদ

তারিখ APR. 1 4 1995

পৃষ্ঠা ৬ কলাম ৬

# মির্জাপুর কলেজ ছাত্র সংসদের নির্বাচন স্থগিত

মির্জাপুর (টাঙ্গাইল), ১৩ই এপ্রিল (নিজস্ব সংবাদদাতা)।— ছাত্রদলের চরম বিরোধিতার কারণে মির্জাপুর কলেজ ছাত্র সংসদ নির্বাচন কর্তৃপক্ষ স্থগিত ঘোষণা করেছেন। কলেজও বন্ধ ঘোষণা করা হয়েছে।

আজ মঙ্গলবার ছিল ছাত্র সংসদ নির্বাচনের মনোনয়নপত্র জমা দেয়ার শেষ দিন।

কলেজ কর্তৃপক্ষের সঙ্গে সংশ্লিষ্ট একটি সূত্র জানান যে, ছাত্র সংসদের সংবিধান অনুযায়ী গত ২৪শে মার্চ নির্বাচনী তফসিল ঘোষণা করা হয়। ঘোষিত তফসিল অনুযায়ী আজ মঙ্গলবার ছিল মনোনয়নপত্র জমা দেয়ার শেষদিন এবং আগামী ২৫শে এপ্রিল ছিল নির্বাচনের দিন। কিন্তু তফসিল ঘোষণার সঙ্গে সঙ্গে ছাত্রদল নির্বাচন কমিশনারের পদত্যাগ ও তফসিল বাতিলের দাবিতে নির্বাচনের বিপক্ষে অবস্থান নেয়। এক পর্যায়ে ছাত্রসমাজও তাদের সঙ্গে যোগ দেয়। এ নিয়ে কলেজ ক্যাম্পাসে একাধিকবার বোমাবাজির ঘটনাও চলতে থাকে।